দৈনিক ইত্তেফাক

72

তারিখ ... NOV. 04 1999
পৃষ্ঠা ৩ কলাম ...

# খোলা চিঠি

বরাবর

বিশ্ববিদ্যালয় সমূহের উপাচার্য / ডীন / বিভাগীয় প্রধান / হলের প্রভোষ্ট / সরকারী ও বেসরকারী অধ্যক্ষ ও শিক্ষক পরিষদের সম্পাদক / মহাপরিচালক নায়েম / মহাপরিচালক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও চেয়ারম্যান NCTB.

**বিষয় ঃ প্রচলিত শিক্ষা ব্যবস্থায় জাতিগতভাবে ইংরেজি শিখতে ব্যর্থতার কারণ উদ্‌ঘাটনপূর্বক আমার ১৪ বছরের গবেষণার ফসল F.M. Method-এর বৈপ্লবিক সাফল্যের পরীক্ষা প্রার্থনীয়।**

জাতিগঠনমূলক কাজে আত্মনিয়োগ করার এক অদম্য বাসনা নিয়েই আমার শিক্ষকতায় আসা। পেশাগত জীবনের শুরুতেই কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের ইংরেজি জ্ঞানের দৈন্যদশা দেখে আমি বিচলিত হই। তারপর ১৯৮৬ সাল থেকে (একদিনও প্রাইভেট না পড়িয়ে) (১) আমাদের শিক্ষার্থীরা কেন ইংরেজিতে এত কাঁচা (২) ইংরেজি কেন তাদের নিকট এতটা দুর্বোধ্য এবং (৩) কোন্ পদ্ধতিতে পড়ালে তারা অতি সহজে ইংরেজি শিখতে পারবে-এর উপর গবেষণা আরম্ভ করি। গবেষণার বিভিন্ন স্তরে আমি আমাদের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে প্রচলিত ইংরেজি শিক্ষাদান পদ্ধতি, Grammar-Translation Method, Structural Method, Audio-Video Casette এর মাধ্যমে, তাছাড়া BBC ও VOA এর পদ্ধতি; CELP Course প্রভৃতির মাধ্যমে ইংরেজি শিক্ষাদান পদ্ধতি এবং Tense সহ Grammar এর বিভিন্ন Rules নিয়ে বিশ্লেষণধর্মী আলোচনা করে ঐসব পদ্ধতির ব্যর্থতার সুনির্দিষ্ট কারণ উদ্‌ঘাটন করেছি। চৌদ্দটি বছর অক্লান্ত পরিশ্রম করে কোন Guide এর সাহায্য ছাড়াই, এমনকি সরকার বা অন্য কোন দেশী কিংবা বিদেশী সংস্থার স্মরণাপন্ন না হয়েই জাতির প্রতি আমি আমার কর্তব্য পালন করে গিয়েছি। এটি একটি সম্পূর্ণ মৌলিক গবেষণা, একটি অদ্ভুত সুন্দর পদ্ধতি। আমার উদ্ভাবিত এই পদ্ধতিতে এ পর্যন্ত প্রাইমারী স্কুলের ছাত্র থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পর্যন্ত উপকৃত হয়েছেন।

প্রচলিত শিক্ষা ব্যবস্থায় যেখানে এম, এ পাস করানো সম্ভব হলেও ইংরেজি শেখানো সম্ভব হয় না, এই পদ্ধতিতে সেখানে সেমিনারে আলোচনা শুনেই ইংরেজি Text বইয়ের গল্পসমূহও ইংরেজিতেই আলোচনা করা সম্ভব। আমার বক্তব্য কোন বাগাড়ম্বর নয়। প্রথম শ্রেণীর একজন সরকারি চাকুরীজীবি হয়ে সেই ধৃষ্টতা দেখাবার দুঃসাহস আমার নেই।

আমি শুধু এইটুকুই বলতে চাই, আজ যেখানে আমাদের পাসের হার প্রায় ৫০% বা তারও নীচে এবং প্রায় সকলেই যেখানে ইংরেজিতে দুর্বল, আমার উদ্ভাবিত এই পদ্ধতি এ ধরনের অবস্থার একটা আমূল পরিবর্তন ঘটিয়ে দিতে পারে। কারো সাথে যুক্তিহীন কথাবার্তায় সময় অপচয় করার ইচ্ছে আমার নেই। প্রমাণ করতে চান, সেমিনারে আসুন। আমি ব্যর্থ হলে প্রথম শ্রেণীর সরকারী চাকুরী থেকে ইস্তফা দিব। আর সক্ষম হলে আপনাদের কিছুই দিতে হবে না। আমার দরকার নেই আপনাদের Gold medal, Honorary degree কিংবা মরণোত্তর কোন উপাধি।

অন্যান্য শ্রেণীর কথা বাদ দিলেও আমি শুধু এই কথাটুকুই বলতে চাই, যারা উচ্চমাধ্যমিক শ্রেণীতে লেখাপড়া করে তাদের প্রত্যেকের জন্য দুই বছরের কলেজের বেতন, বিভিন্ন চাঁদা, বই-পত্র, কাগজ-কলম, যাতায়াত ভাড়া, গৃহ শিক্ষক, রেজিস্ট্রেশন ফি, ফরম পূরণসহ পরীক্ষা ফি, এত বিশাল সংখ্যক শিক্ষার্থীর জন্য আনুষ্ঠানিক শিক্ষার ব্যবস্থা করতে সরকারের অবকাঠামোগত ব্যয়, প্রশাসনিক খরচ, শিক্ষকদের মেধা ও সময়ের যোগান ইত্যাদি সবকিছুর মোট অর্থগত পরিমাণের দ্বারা কি কয়েক বছরে অন্তত একটি করে যমুনা সেতু তৈরী করা সম্ভব নয়? শুধুমাত্র ছাত্র-ছাত্রীরা কেন, বিভিন্ন সময়ে সরকারী খরচে উচ্চতর ডিগ্রী লাভে বিদেশে গিয়েও শুধুমাত্র ইংরেজি না জানার কারণে অনেককে দেশে ফিরে আসতে হয়েছে-এমন খবরা খবরও তো পত্রিকায় প্রকাশিত হয়েছে। আমরা আমাদের আর কত ক্ষতি করবো? সিকি শতাব্দীতো শেষ করেই ফেলেছি। জাতীয়ভাবে কি আমরা নিজেরাই নিজেদের সর্বনাশ করতে থাকবো? পরবর্তী বংশধরগণ কি আমাদের কাঠগড়ায় দাঁড় করাবে না? আমাদের নিজেদের স্বার্থেই কি তাদের জন্য আমাদের কোন কিছুই করণীয় নেই?

আপনার পক্ষে যদি কিছুই করা সম্ভব না হয় তাহলে অন্তত **F. M. Method**-এর উপর একটি সেমিনারের আয়োজন করুন। যদি তাও সম্ভব না হয় তাহলে একদিন আমাদের সেমিনারে আলোচনা শুনুন। তখন অন্তত বিবেকের দংশন থেকে মুক্তি পাবেন। রক্তের ঋণ অত সহজেই শোধবার নয়।

নিবেদক

**মোহাম্মদ ফিরোজ মুকুল।**

## জেনুইন ইংলিশ ল্যাবরেটরি এন্ড রিসার্চ ইনস্টিটিউট

| | |
|---|---|
| ফার্মগেট ফ্যাকাল্টি ঃ | ২৭, ইন্দিরা রোড (৩য় তলা), রূপালী ব্যাংকের উপরে, ফার্মগেট, ঢাকা। ফোন ঃ ৯১৩০২৯০। সেমিনার ঃ প্রতি শুক্রবার সকাল ৯টা। |
| যাত্রাবাড়ী ফ্যাকাল্টি ঃ | ৮৮/১, শহীদ ফারুক সড়ক (৪র্থ তলা), অগ্রণী ব্যাংকের উপরে, ঢাকা। ফোন ঃ ২৪৪৬৫৯, ২৪৬৮৮৯। সেমিনার ঃ প্রতিমাসের ৭, ১৭ ও ২৭ তাং বিকেল ৩.০০ টা। |
| মালিবাগ ফ্যাকাল্টি ঃ | ২৪৪, নিউ সার্কুলার রোড, পদ্মা ডায়াগনস্টিকের ভিতরে, ঢাকা। ফোন -৯৩৪৭০৪৬-১০৫, ৪১২৯২৬-১০৫। সেমিনার ঃ প্রতিমাসের ১০, ২০ ও ৩০ তাং বিকেল ৩.০০টা। |
| মিরপুর ফ্যাকাল্টি ঃ | ৬/সি, ৭/সি, মিরপুর-১০, ইনডোর স্টেডিয়ামের দক্ষিণে, ঢাকা। সেমিনার ঃ প্রতিমাসের ১ ও ১৬ তাং বিকেল ৩.০০টা। |
| নারায়ণগঞ্জ ফ্যাকাল্টি ঃ | ১১৩, বঙ্গবন্ধু রোড (২য় তলা), গ্রীন্ডলেজ ব্যাংকের বিপরীতে। ফোনঃ ৯৭১৫৯০৮-১১৪। সেমিনার ঃ প্রতিমাসের ৫, ১৫ ও ২৫ তাং বিকেল ৩.০০ টা। |
| উত্তরা ফ্যাকাল্টি ঃ | বাড়ী নং-৮, রোড নং-২৮, সেকশন নং-৭, উত্তরা, ঢাকা। ফোন ঃ ৮৯১৭৫৫০-২৪, ৮৯১৩৯৩০-২৪ সেমিনার ঃ প্রতিমাসের ৩, ১৩ ও ২৩ তাং বিকেল ৩.০০ টা। |
| চট্টগ্রাম ফ্যাকাল্টি ঃ | ৪২৭/৫৪৪, শেখ মুজিব রোড (৩য় তলা), দেওয়ানহাট, চট্টগ্রাম, ফোন-৭১৩১৪৯ |

**ক্লাসের সময় ঃ ( সকাল ৯.০০-১০.৩০ মিঃ), ( সকাল ১১.০০-১২.৩০ মিঃ )** (দুপুর ঃ ১.০০-২.৩০ মিঃ), (বিকাল ৩.০০-৪.৩০ মিঃ), (বিকাল ৫.০০-৬.৩০ মিঃ) ও ( সন্ধ্যা ৭.০০-৮.৩০ মিঃ)

**উল্লেখ্যঃ** আমি বিশ্ববিদ্যালয়ে ইংরেজি বিতর্ক ও বক্তৃতায় পাঁচবার সার্টিফিকেটপ্রাপ্ত এবং 37th Foundation Training For the BCS General Education-এ ইংরেজি বিতর্কে Champion হবার গৌরব অর্জন করি। বিগত সরকারের আমলে সরকারী আমন্ত্রণে আমি তৎকালীন মহামান্য রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীর সাথে এবং জাতীয় প্রেসক্লাবে ও বিটিভিতে এই পদ্ধতির উপর আলোচনা করি। তখন আমার গবেষণা ১০% ও শেষ হয়নি। Learning English on the **F. M. Method** the Most Scientific Way (For the Bengali Speaking People only) বইটি পড়ুন। বিনামূল্যে সরাসরি যে কোন ফ্যাকাল্টি থেকে এবং ডাকযোগে মাত্র ২০/- টাকায় শুধুমাত্র ফার্মগেট ফ্যাকাল্টি থেকে প্রসপেক্টাস সংগ্রহ করুন।